

সাত কলেজের শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় করবে ঢাবি ছাত্রলীগ

ঢাবি প্রতিবেদক

৮ সেপ্টেম্বর ২০২৩ ০৯:২২ এএম | আপডেট: ৮ সেপ্টেম্বর ২০২৩ ০৯:২২ এএম

3
Shares

ফাইল ছবি

advertisement..

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) অধিভুক্ত সরকারি সাত কলেজের শিক্ষার্থীদের একাডেমিক সংকট নিরসনে তাদের সঙ্গে মতবিনিময় সভা করবে বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ। আগামী মঙ্গলবার সকাল ১১টায় টিএসসি অডিটোরিয়ামে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হবে।

বহুস্পতিবার রাতে বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সভাপতি মাজহারুল কবির শয়ন ও সাধারণ সম্পাদক তানভীর হাসান সৈকত স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে।

advertisement

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, প্রধানমন্ত্রী শেখ হাসিনা একটি আধুনিক, সমৃদ্ধশীল, যুগোপযোগী ও উন্নত শিক্ষিত জাতিরাষ্ট্র গঠনের লক্ষ্যে সারা দেশের শিক্ষা ব্যবস্থাকে চেলে সাজাতে নিরলস পরিশ্রম করে যাচ্ছেন। আপনারা সকলে অবগত আছেন যে, বঙ্গবন্ধু তনয়ার নির্দেশে বাংলাদেশের ঐতিহ্যবাহী ৭টি কলেজ (ঢাকা কলেজ, ইডেন মহিলা কলেজ, সরকারি তিতুমীর কলেজ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, সরকারি বাঙলা কলেজ, কবি নজরুল সরকারি কলেজ এবং সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ) ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত করা হয়েছে।

আরও পড়ুন: মধ্যরাতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে উপাচার্যের বাসভবন ভাঙ্গুর

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, আমরা দীর্ঘদিন ধরে লক্ষ্য করেছি যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সাত কলেজের শিক্ষার্থীরা তাদের একাডেমিক নানা সংকট নিরসনের জন্য ধারাবাহিকভাবে আন্দোলন করে যাচ্ছে। ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ মনে করে সাত কলেজের শিক্ষার্থীদের যেকোন যৌক্তিক আন্দোলনে পাশে থাকা সংগঠনটির নেতৃত্ব দায়িত্ব। এই লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ ঐতিহ্যবাহী সাত কলেজের শিক্ষার্থীদের সঙ্গে একটি মতবিনিময় সভার আয়োজন করতে যাচ্ছে।

উক্ত মতবিনিময় সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি সাত কলেজের শিক্ষার্থীদের উপস্থিত থাকার জন্য আহবান জানিয়েছে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ।